

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.dgfood.gov.bd

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ  
১২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২৫০৪

বিষয়: চট্টগ্রামে কুতুবদিয়া/বহিনোঞ্জে আমদানিকৃত গমবাহী MV. BAO SUCCESS জাহাজ হতে মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম এর  
ঠিকাদারের মাধ্যমে নারায়ণগঞ্জ সাইলোতে মোট ৭২০০ মে.টন ঢালা গম পরিবহনের অনুমোদন

সূত্র: চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ১০-০৯-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.৪০২.৫০.০০৭.২৩.৪৯৬ নং স্মারক এবং ১০-০৯-২০২৪ খ্রি.  
১৩.০১.০০০০.৪০২.৫০.০০৭.২৩.৫০০ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রামে কুতুবদিয়া/বহিনোঞ্জে আমদানিকৃত গমবাহী MV. BAO SUCCESS জাহাজ হতে ০২-০৯-২০২৪ খ্রি. তারিখে স্বাক্ষরিত চতুর্পক্ষীয় MoU মোতাবেক মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারদের লাইটার জাহাজের মাধ্যমে মোট ৭২০০ মে.টন গম নারায়ণগঞ্জ সাইলোতে প্রেরণের জন্য রেনু শিপিং লাইন্স এর ০৯-০৯-২০২৪ খ্রি. ও ১০-০৯-২০২৪ খ্রি. তারিখের Ref: BAOSUCCESS/12010 নং পত্রে চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম দপ্তরে নিম্নোক্তভাবে প্রস্তাব প্রেরণ করেছেন এবং সূচি জারির বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ স্মারকে সর্বনিম্ন অনুরোধ করেছেন।

| ক্র. নং | ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম   | লাইটার জাহাজের নাম            | পরিমাণ (মে.টন) | মন্তব্য |
|---------|---|-------------------------------|----------------|---------|
| ১.      | মেসার্স এস.টি. ট্রেডিং ইন্টারন্যাশনাল                                       | এমভি. সোনিয়া-১০              | ২১৫০           |         |
| ২.      | মেসার্স ফারুক ব্রাদার্স শিপিং লাইন্স  | এমভি. এ আর-১                  | ১৭৭৫           |         |
| ৩.      | এমভি শাহজালাল নেভিগেশন লিঃ-মেসার্স বাবুল<br>ট্রান্সপোর্ট এন্ড কোং (জেভিসিএ) | এমভি. শাহ সুন্দর (অন্তর বাবা) | ২১৪৯           |         |
| ৪.      | মেসার্স ইরা কর্পোরেশন   | এমভি. এস এ বাশার-১০           | ১১২৬           |         |
|         |   | মোট =                         | ৭২০০           |         |

এমতাবস্থায়, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম ও রেনু শিপিং লাইন্স এর প্রস্তাবমতে এবং ০২-০৯-২০২৪ খ্রি. স্বাক্ষরিত চতুর্পক্ষীয় MoU মোতাবেক MV. BAO SUCCESS জাহাজ হতে মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারের লাইটারের মাধ্যমে চট্টগ্রাম কুতুবদিয়া/বহিনোঞ্জে হতে মোট ৭২০০ মে.টন ঢালা গম নারায়ণগঞ্জ সাইলোতে পরিবহনের উপর্যুক্ত প্রস্তাবের অনুমোদন ও নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো। উল্লেখ্য, প্রাপক কেন্দ্রে খালাস শেষ না হওয়া পর্যন্ত সরবরাহকারী ও মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারসহ সংশ্লিষ্ট সকলকে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে।

নির্দেশনাসমূহ:

১। (ক) নারায়ণগঞ্জ সাইলোর উদ্দেশ্যে মাদারভেসেল থেকে পরিবাহিতব্য গম সাইলোতে প্রাপ্তি না হওয়া পর্যন্ত গমের সকল দায়-দায়িত্ব সরবরাহকারীর উপর বর্তাবে এবং Unloading এর ক্ষেত্রে Stevedoring খরচ সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে। এক্ষেত্রে সরকারি কোন অর্থ ব্যয় করা যাবে না;

(খ) নারায়ণগঞ্জ সাইলোতে গম গ্রহণের পূর্বে গমের বিনির্দেশ যথাযথ কি না তা পরীক্ষা করে নিশ্চিত হলে গ্রহণ করতে হবে;

(গ) বিধি মোতাবেক অন্যান্য সকল নিয়মনীতি অনুসরণ করতে হবে।

২। জাহাজ/কোষ্টারের ঢালা গম পরিবহণের উপর্যুক্ততা যাচাই এর জন্য সার্ভে সার্টিফিকেট, ব্রেঙ্গিং সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট সার্টিফিকেট এর মূল/সত্যায়িত কপি এবং চলাচল ও জাহাজ লোডিং সংক্রান্ত যাবতীয় বিষয়াবলি অবলোকন/যাচাইপূর্বক চুক্তির শর্তাবলী ও অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করে জাহাজের ধারণক্ষমতাকে আমলে এনে ঢালা গম বোঝাইয়ের পর ভয়েস যাত্রার পূর্বে ভারসাম্য রক্ষার ব্যবস্থা নিতে হবে।

৩। সাধারণ বীমা কর্পোরেশন হতে বোঝাইকৃত পণ্যের বীমা খাদ্য বিভাগের অনুকূলে গ্রহণপূর্বক চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম গম পরিবহণ করবেন। বোঝাই অবস্থায় জাহাজের ফ্রি বোর্ড (Free Board) নিরাপদ মাপে রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪। মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম রুটে জারিকৃত সূচির ঠিকাদারদের লাইটেনিং এর কার্যক্রম চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সম্পন্ন হবে। এক্ষেত্রে MoU তে উল্লিখিত কুতুবদিয়া ও বহির্নোজারের পরিমাণ সঠিক রেখে লাইটারসমূহের ধারণক্ষমতা বিবেচনা করে চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম ঠিকাদারদের অনুকূলে বরাদ্দকৃত গম হতে প্রয়োজনে কম/বেশি করে পরিবহণের সূচিকৃত সমুদয় গম পরিবহণের ব্যবস্থা নিবেন।

৫। এই সূচির মেয়াদ (১০ দিনের বেশী নয়) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক নির্ধারিত হবে এবং চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা পালন করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১২-০৯-২০২৪

অনিক পাল অনু

সহকারী খাদ্য নিয়ন্ত্রক

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২৫০৪/১ (৮)

২৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- ২। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- ৩। পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম;
- ৫। সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ;
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো);

৭। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং  
৮। Renu Shipping Lines, বিএইচ হাইটস (৭ম তলা), শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

১২-০৯-২০২৪

অনিক পাল অম্বু

সহকারী খাদ্য নিয়ন্ত্রক